44

দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 OCT 1996
পৃষ্ঠা কলাম

# রাজশাহী বোর্ডে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে

সমুদ্র হক, *বগুড়া অফিস থেকে*

এবারের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় রাজশাহী বোর্ডের ফলাফলে প্রতিটি বিভাগেই ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে গেছে। এবার পাশের হার যদিও কম তারপরও ফলাফল সাফল্যে মেয়েরাই অগ্রগামী।

*(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)*

## রাজশাহী বোর্ড

*(প্রথম পাতার পর)*

বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে পাশের হার ৪৭ দশমিক ৯০ পারসেন্ট। এই বিভাগে ছেলেদের সাফল্যের হার যেখানে ৪৬ দশমিক ৭০ ভাগ সেখানে মেয়েরা সাফল্য অর্জন করেছে ৫২ দশমিক ৫০ ভাগ। অর্থাৎ সাফল্যে মেয়েরা ছেলেদের চেয়ে প্রায় ৫ ভাগ এগিয়ে গেছে। মানবিক, ইসলামের ইতিহাস ও সঙ্গীত বিভাগে পাশের হার ১৭ দশমিক ৪৩ পারসেন্ট। এই বিভাগেও মেয়েদের সাফল্যের হার শতকরা ২০ দশমিক ৪৯ ভাগ। আর ছেলেদের সাফল্যের হার মাত্র ১৫ দশমিক ৩৭ ভাগ। অর্থাৎ এখানেও মেয়েরা ছেলেদের চেয়ে শতকরা ৫ দশমিক ১২ ভাগ এগিয়ে। বাণিজ্য বিভাগে পাসের হার শতকরা ২৬ দশমিক ৭৪ ভাগ। এই বাণিজ্য বিভাগেও মেয়েরাই এগিয়ে। এ বিভাগে ছেলেদের সাফল্যের হার যেখানে শতকরা ২৫ দশমিক ৬২ ভাগ সেখানে মেয়েদের সাফল্যের হার ৩৭ দশমিক ২৩ ভাগ। অর্থাৎ বাণিজ্যেও মেয়েরা ছেলেদের সাফল্যের তুলনায় ১১ দশমিক ৬১ ভাগ এগিয়ে।

এভাবে দেখা যাচ্ছে প্রতিটি বিভাগে মেয়েরা ছেলেদের চেয়ে এগিয়ে যাচ্ছে। লক্ষ্যণীয় ব্যাপার হলোঃ বিগত বছরগুলোতে দেখা গেছে তিনটি বিষয়ভিত্তিক বিভাগের মধ্যে কোনটিতে ছেলেরা আবার কোনটিতে মেয়েরা এগিয়ে ছিল। কিন্তু এবার প্রতিটি বিভাগেই মেয়ে শিক্ষার্থীরাই এগিয়ে এসেছে। অনুসন্ধানে দেখা যায় সময়ানুবর্তিতা, নিয়মানুবর্তিতা ও অধ্যবসায়ে ইদানীং মেয়ে শিক্ষার্থীরাই এগিয়ে যাচ্ছে। এবার রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় ৪টি বিষয়ে লেটার নিয়ে ৮৮৮ নম্বর পেয়ে মেয়েদের মেধা তালিকায় প্রথম ও বিজ্ঞান বিভাগে সম্মিলিত তালিকায় ৪র্থ স্থান প্রাপ্ত মঞ্জিলা চৌধুরী জানালেন, শিক্ষার্থীদের নিয়মিত অধ্যায়নের দিকেই ঝুঁকে পরা উচিত।